দৈনিক খবর
তারিখ ...২৯।৮।৯১... পৃষ্ঠা ...১... কলাম ...১...

39

# 'ক্যাম্পাসে সন্ত্রাসের কারণ রাজনৈতিক বিরোধ'

বাসস জানায়, গতকাল বুধবার ঢাকায় লিবার্টি ফোরাম আয়োজিত এক মতবিনিময় অনুষ্ঠানে সাবেক উপাচার্যবৃন্দ ক্যাম্পাসে সন্ত্রাসের জন্য রাজনৈতিক বিরোধকেই প্রধান কারণ হিসেবে নির্ণয় করেছেন।

তাঁরা বলেন, বিভিন্ন রাজনৈতিক দলের পরিচয়দানকারী মুষ্টিমেয় ছাত্র এবং তাদের ভাড়া করা গুন্ডারা

২-এর পাতায় দেখুন

## ক্যাম্পাসে সন্ত্রাসের

প্রথম পৃষ্ঠার পর

ক্যাম্পাসসহ শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে তাদের নিজস্ব প্রভাব বিস্তারের লক্ষ্যে এ ধরনের জঘন্য কাজে লিপ্ত রয়েছে।

লিবার্টি ফোরামের আমন্ত্রণে ইউনিক মিলনায়তনে অনুষ্ঠিত এই প্রথম এ ধরনের একটি বৈঠকে শিক্ষাবিদরা বলেন, ক্যাম্পাসের সহিংসতার জন্য নিজস্ব রাজনৈতিক স্বার্থে কতিপয় শিক্ষকের জড়িত থাকার বিষয়টিও উড়িয়ে দেয়া যায় না।

বাংলাদেশ বিজ্ঞান একাডেমীর সভাপতি ডঃ এম ইন্নাস আলীর সভাপতিত্বে এ অনুষ্ঠানে বক্তব্য রাখেন- অধ্যাপক সৈয়দ আলী আহসান, অধ্যাপক মোহাম্মদ শামসুল হক, ডঃ ফজলুল হালিম চৌধুরী, ডঃ কামালউদ্দিন, ডঃ মোসলেউদ্দিন, অধ্যাপক এ কে এম আমিনুল হক, ডঃ এম এ বারি, ডঃ এম এ নাসের, ক্যাম্ব্রিজ বিশ্ববিদ্যালয়ের ডঃ সৈয়দ আলী আশরফ, সাংবাদিক গিয়াস কামাল চৌধুরী এবং ডাকসু নেতা রফিকুল ইসলাম জগলু।

সভায় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন- লিবার্টি ফোরামের আহবায়ক বিচারপতি আবদুর রহমান চৌধুরী, সাবেক পররাষ্ট্র সচিব তোবারক হোসেন, আবদুল মমিন, অধ্যাপক শাহেদ আলী, ডঃ মাহফুজুল হক, অধ্যাপক ডঃ ইউসুফ আলী, ডঃ হামিদুদ্দিন খান ও এম হায়দার চৌধুরী।